গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
( দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
দুর্গাপুর, রাজশাহী।

নথি নম্বর : ৫১.০১.৮১৩১.০২৫.০৩.০০২.২০ -৬৯৯ তারিখ: ২৪/১২/২০২০খ্রি.।

বিষয় : ২০২০-২১ অর্থ বছরে ২য় পর্যায়ে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সাধারণ খাতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রেরণ।

সুত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ১০/১২/২০২০ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.২১৭.২০-২৭৬ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরে ২য় পর্যায়ে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় অত্র উপজেলায় সাধারণ খাতে ১৩,৯৭,৭৬৯/৮৭ টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ হতে ২০% অর্থাৎ ২,৭৯,৫৫৩/৮৭ টাকা উপজেলা কমিটির নিকট রিজার্ভ রেখে অবশিষ্ট ৮০% অর্থাৎ ১১,১৮,২১৬/-টাকা ০৭ টি ইউনিয়নে বিভাজন করা হলো। টিআর পরিপত্রের (সংশোধিত) ২০১৪ নির্দেশনা অনুসরণ পূর্বক প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশানসহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ইউনিয়নের জনসংখ্যা (জন) | ইউনিয়নের আয়তন (ব:কি:) | বরাদ্দকৃত টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ০১ | নওপাড়া | ২৭,৬৫০ | ৩০,০৯ | ১,৯৫,১২২/- |
| ০২ | কিসমতগণকৈড় | ২১,০১৪ | ২৪.১৭ | ১,৫২,৫৩২/- |
| ০৩ | পানানগর | ১৭,৯৫৮ | ২০.২৯ | ১,২৯,১৬১/- |
| ০৪ | দেলুয়াবাড়ি | ২৪,৬৭৫ | ২৭.৫০ | ১,৭৬,২৩৬/- |
| ০৫ | ঝালুকা | ২৩,৬৮৮ | ২৪.১২ | ১,৬২,৭৬১/- |
| ০৬ | মাড়িয়া | ১৬,৫৫৪ | ১৫.৭২ | ১,০৯,৩৪৫/- |
| ০৭ | জয়নগর | ২৭,৬৩৫ | ২৯.৭৮ | ১,৯৪,০৫৯/- |
| | মোট= | ১,৫৯,১৭৪ জন | ১৭১.৬৭ ব:কি: | ১১,১৮,২১৬/- |

শর্তাবলী :

০১। টিআর পরিপত্রের (সংশোধিত) নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরন করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

০২। প্রতিটি প্রকল্পে সর্বনিম্ন ৪৪,৭৬৭/- টাকা ও সর্বোচ্চ ৩,১৩,৩৬৯/- টাকার প্রকল্প গ্রহণ করা যাবে।

০৩। এ বরাদ্দের অর্থ ধর্মীয়/শিক্ষা/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়নে ব্যয় করা যাবে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কমিটির সভাপতি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঈমাম/পুরোহিতকে প্রকল্প সভাপতি করতে হবে।

০৪। নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া হবে এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা হবে।

০৬। প্রকল্প তালিকা উপজেলায় প্রেরণের সময় প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে প্রেরণ করতে হবে।

০৭। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা এবং প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

০৮। একই অর্থ বছরে একই ব্যক্তি ০৩ টির অধিক প্রকল্প কমিটির সভাপতি হতে পারবে না।

২৪/১২/২০২০

( মোঃ মহসীন মৃধা )
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী।

চেয়ারম্যান, নওপাড়া/কিসমত গণকৈড়/পানানগর/দেলুয়াবাড়ি/ঝালুকা/মাড়িয়া/জয়নগর ইউনিয়ন পরিষদ

অনুলিপি :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।

০২। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
দুর্গাপুর, রাজশাহী।

স্মারক নং-৫১.০১.৮১৩১.০২৫.০২.০২৪.২০- ৬১০ তারিখ: ২৪/১২/২০২০খ্রি.।

বিষয়: ২০২০-২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির ২য় পর্যায়ে সাধারণ (উন্নয়ন) খাতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রেরণ।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ০৯/১২/২০২০ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.১৮১.২০-৩৮৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২য় পর্যায়ে সাধারণ খাতে মোট ১৭,৫৬,১২৯/৯০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থের মধ্যে ২০% অর্থাৎ ৩,৫১,২২৫/৯০ টাকা উপজেলা কমিটির নিকট রিজার্ভ রেখে অবশিষ্ট ৮০% অর্থাৎ ১৪,০৪,৯০৪/- টাকা উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭টি ইউনিয়নের মধ্যে বিভাজন করা হলো। কাবিখা পরিপত্রের ০৪ নং ক্রমিকের নির্দেশনা অনুসরণপূর্বক প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ইউনিয়নের আয়তন (বর্গ কি.মি.) | ইউনিয়নের জনসংখ্যা (জন) | বরাদ্দকৃত চালের পরিমান |
|---|---|---|---|---|
| ১ | নওপাড়া | ৩০.০৯ | ২৭,৬৫০ | ২,০২,৯০৪/- |
| ২ | কিসমতগণকৈড় | ২৪.১৭ | ২১,০১৪ | ২,০০,০০০/- |
| ৩ | পানানগর | ২০.২৯ | ১৭,৯৫৮ | ২,০০,০০০/- |
| ৪ | দেলুয়াবাড়ি | ২৭.৫০ | ২৪,৬৭৫ | ২,০০,০০০/- |
| ৫ | ঝালুকা | ২৪.১২ | ২৩,৬৮৮ | ২,০০,০০০/- |
| ০৬ | মাড়িয়া | ১৫.৭২ | ১৬,৫৫৪ | ২,০০,০০০/- |
| ০৭ | জয়নগর | ২৯.৭৮ | ২৭,৬৩৫ | ২,০২,০০০/- |
| | মোট= | ১৭১.৬৭ | ১,৫৯,১৭৪ | ১৪,০৪,৯০৪/- |

শর্তাবলীঃ

০১। কাবিখা পরিপত্র (সংশোধিত) নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

০২। প্রতিটি প্রকল্পে সর্বনিম্ন ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণ করা যাবে।

০৩। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৪। কোন প্রকল্প ভুয়া হিসাবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত আইন/বিধির আওতায় আনা হবে।

০৫। প্রকল্প তালিকা উপজেলায় প্রেরণের সময় প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে প্রেরণ করতে হবে।

০৬। একই অর্থ বছরে এক ব্যক্তি দুইটির অধিক প্রকল্প কমিটির সভাপতি হতে পারবে না।

২৪/১২/২০২০
( মোঃমহসীন মৃধা )
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী।

চেয়ারম্যান (সকল)
................................ ইউনিয়ন পরিষদ
দুর্গাপুর, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
০২। সংরক্ষন নথি।